# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

"অফিস আদেশ"

নথী নং-১৮/উ:মা:/সনদ/২০১৫/ ১৫ তারিখঃ ০৬/০১/২০২৬

**বিষয়ঃ ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার মূল সনদপত্র বিতরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৫ সালে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্নেবর্ণিত সময় ও তারিখ অনুযায়ী বোর্ডের **সনদ শাখা** থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

**বিতরণের তারিখ** ঃ **২৫/০১/২০২৬ ইং তারিখ হতে ৩/০২/২০২৬ ইং পর্যন্ত।**

**সময়** ঃ **সকাল ১০:০০ টা থেকে বিকাল ৩:০০ টা পর্যন্ত।**

**সনদ বিতরণের স্থান** ঃ ৪ নং ভবনের ৫ তলা (সনদপত্র শাখা)।

জেলাওয়ারী বিতরণের তারিখঃ

| ক্রমিক নং | জেলার নাম | বিতরণের তারিখ |
|---|---|---|
| ১ | ঢাকা মহানগর | ২৫-০১-২০২৬ |
| ২ | টাংগাইল, মুন্সিগঞ্জ | ২৬-০১-২০২৬ |
| ৩ | নরসিংদী , ফরিদপুর | ২৭-০১-২০২৬ |
| ৪ | মানিকগঞ্জ, ঢাকা জেলা | ২৮-০১-২০২৬ |
| ৫ | কিশোরগঞ্জ, নারায়নগঞ্জ | ২৯-০১-২০২৬ |
| ৬ | মাদারীপুর, গোপালগঞ্জ | ০১-০২-২০২৬ |
| ৭ | রাজবাড়ী, শরীয়তপুর | ০২-০২-২০২৬ |
| ৮ | গাজীপুর | ০৩-০২-২০২৬ |

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহন করার জন্য বিভাগওয়ারী কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ মূল সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/ অধ্যক্ষ নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এ্যাডহক কমিটির সিদ্ধান্তের কপিসহ মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডি/এ্যাডহক কমিটির সভাপতি অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা হবে না।

উল্লেখ্য স্কুল/কলেজ প্যাডে কেন্দ্র কোড ও স্কুল/কলেজ কোড অবশ্যই উল্লেখ থাকতে হবে।

বি:দ্র:-বিতরণের তারিখ হতে ৭ কর্মদিবসের মধ্যে সনদপত্র গ্রহন করতে হবে। অন্যথায় পরবর্তীতে কোন জটিলতা তৈরি হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

০৬/০১/২০২৬

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ফোন নং-৯৬৬৯৮১৫

প্রধান শিক্ষক / অধ্যক্ষ
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।